# অকায়শাস্ত্র

সাহানা মহাম্মদ হাসান

KOBI PROKASHANI

অকায়শাস্ত্র
সাহানা মহাম্মদ হাসান

প্রকাশকাল
প্রথম প্রকাশ : নভেম্বর ২০২৫

প্রকাশক
সজল আহমেদ কবি প্রকাশনী ৮৫ কনকর্ড এম্পোরিয়াম মার্কেট
২৫৩-২৫৪ ড. কুদরত-ই-খুদা রোড কাঁটাবন ঢাকা ১২০৫

স্বত্ব
লেখক

প্রচ্ছদ ও অলংকরণ
মোস্তাফিজ কারিগর

বর্ণবিন্যাস
মোবারক হোসেন

মুদ্রণ
কবি প্রেস ৩৩/৩৪/৪ আজিমপুর রোড লালবাগ ঢাকা ১২১১

ভারতে পরিবেশক
অভিযান বুক ক্যাফে কথাপ্রকাশ ঢাকা বুকস বইবাংলা দে'জ পাবলিশিং বাতিঘর কলকাতা

মূল্য : ২০০ টাকা

---

Akayshastro by Sahana Mohammad Hasan Published by Kobi Prokashani 85 Concord Emporium Market 253-254 Dr. Kudrat-e-Khuda Road Katabon Dhaka 1205 First Edition: November 2025
Phone: 02-44617335 Cell: +88-01717217335 +88-01641863570 (bKash)
Price: 200 Taka RS: 200 US 10 $
E-mail: kobiprokashani@gmail.com Website: kobibd.com

**ISBN:** 978-984-29140-1-0

ঘরে বসে কবি প্রকাশনীর যেকোনো বই কিনতে ভিজিট করুন
www.kobibd.com or www.kanamachhi.com
অথবা ফোনে অর্ডার করুন ০১৬৪১-৮৬৩৫৭১
www.rokomari.com/kobipublisher
অথবা ফোনে অর্ডার করুন ০১৫১৯-৫২১৯৭১ হটলাইন ১৬২৯৭

# উ ৎ স র্গ

‘এত রাগ কেন, কেন এ মেজাজ সমাজ থেকেও দূর
শোনো মীর, এই দুনিয়া পাষাণ আসমানও নিষ্ঠুর।’

—মীর তকী মীর।

১

চন্দ্র গ্রহণ সূর্য গ্রহণ অক্ষি গোলক মেললে
পৃথিবী গ্রহণ দেখা যায় আয়ু ফুরিয়ে মরলে।



২

আগে ছিল মাটির ঘর এখন হলো দালান
দেহ তো কবেই পচেছে কীভাবে দেবো হেলান।



৩

পেয়ালা ভরিয়ে দিও, হাতে দাও সাকী
রাতভর নাচো তুমি নাচো নর্তকী।




৪

সত্তাকে শুধাই আমি, আমাকেই করি সাক্ষী
নরনারীর একান্ত মিলনে কে কার দেহরক্ষী।



৫

দুনিয়াবি নিয়ে ব্যস্ত হয়েছি, নেশায় হয়েছি চুর
দূর হতে ভেসে আসে কানে, আসে আজানের সুর।




৬

আমার এ দেহ পচনযোগ্য পোকার খাদ্য
শ্মশানে যেতে অন্য ভাই শোনে ঢোলের বাদ্য।



৭

আগে আগে আলো চলে পিছন পিছন শব্দ
আমার ভিতরে আমি যেন কৌতূহলী স্তব্ধ।



৮

অবশ্যই আতিথেয়তা করব সুসংবাদদাতা হবে যে
কানের নিকটে মুখ নিয়ে বলব, আমি কে? আমি কে?



৯

দেহ পোকায় খেলে তাতে কী আসে যায়
কর্ম আমার দেহতো আমার নয়।



১০

কিস্তি ছেড়ে দিয়েছি, নূহ যেভাবে তুলেছিল নোঙর
আমার কিস্তিতে যাত্রী নেই শুধু, নেই চেনা কোনো বন্দর।

